

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাসে আগুন

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০৫ নভেম্বর, ২০২৩
১৮:২৭

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাসে আগুন দেয় দুর্বৃত্তরা। ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল থেকে মিরপুর-১২ পর্যন্ত শিক্ষার্থীদের নিয়ে যাতায়াতকারী বাস 'চৈতালী'-তে আগুন দিয়েছে দুর্বৃত্তরা।

আজ রবিবার বিকেল সোয়া তিনটা থেকে সাড়ে তিনটার মধ্যে মিরপুর বাংলা কলেজের সামনে এ ঘটনা ঘটে। এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। আগুনে বাসের দোতলার একটি সিট পুড়ে গিয়েছে বলে জানান বাসের চালক নিজাম।

বাসের চালক নিজাম কালের কণ্ঠকে বলেন, ‘শিক্ষার্থীদের নামিয়ে দিয়ে ক্যাম্পাসে আসার সময় মিরপুর বাংলা কলেজের সামনে দোতলায় আগুন দেয় কে বা কারা। এতে একটা সিট পুড়ে যায়। আমি নিজে গিয়েই আগুন নিভিয়েছি। বাসে কেও ছিল না বলে কেও আহত বা কিছু হয়নি।